

৪৬.০২০.০০৪.০১.০০.১০১২.২০১৬- ১৬০


তারিখ : ১৫/১/১৭

বিষয় : রীট পিটিশন নং-১২৫১৯/২০১৬, বাদী মোঃ শফিক উদ্দিন, পিতা-মৃত. ওবায়দুল হক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা-কমলনগর, জেলা-লক্ষ্মীপুর-বনাম-সরকার ও অন্যান্য।

লক্ষ্মীপুর জেলার কমলনগর উপজেলাধীন মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ সংক্রান্ত বিষয়ে বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১২৫১৯/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ ইস্যু পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য নির্দেশ দিয়েছেন। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকার পক্ষে মামলায় প্রতিদ্বন্দিতাসহ যাবতীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


মোহাম্মদ শফিউল আরিফ
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫।

জেলা প্রশাসক
লক্ষ্মীপুর।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ২। প্রধান প্রকৌশলী, এল.জি.ই.ডি, আগারগাঁও, ঢাকা।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।